গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আক্কেলপুর, জয়পুরহাট।
http://akkelpurjoypurhat.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৩৮১০.০০০.০৫.১০.২০২৬- ৬৬ | তারিখঃ ০৮ জানুয়ারি ২০২৬ খ্রি.

## "সরকারি জলমহাল ইজারার আবেদনপত্র আহবান বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, এ উপজেলার সকল খাস বদ্ধ জলমহাল (২০ একর পর্যন্ত) ইজারার জন্য আবেদন অনলাইনে গ্রহণের সরকারি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আক্কেলপুর, জয়পুরহাট এর ব্যবস্থাপনাধীন এই উপজেলার সকল ইউনিয়নের ইজারা যোগ্য সরকারি জলমহাল ( ২০ একর পর্যন্ত ) শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ পর্যন্ত অর্থাৎ ০৩ (তিন ) বছর মেয়াদে অস্থায়ী ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নির্ধারিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে । আগামী ১লা মাঘ থেকে ১৫ মাঘ পর্যন্ত ভূমি মন্ত্রাণালয়ের www.jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে জলমহাল ইজারার জন্য অনলাইন আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি এবং জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ১৬ মাঘ থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিস, আক্কেলপুর, জয়পুরহাট কার্যালয়ে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। ভুল/মিথ্যা তথ্য সংবলিত এবং অসম্পূর্ণ আবেদন গ্রহণ যোগ্য নয়। সকল কার্যক্রম সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯, অনুসারে পরিচালিত হবে। অন্যান্য তথ্যাদি ও ইজারা যোগ্য জলমহাল সমূহের তালিকা নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। উল্লেখ্য, যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন জলমহালের দাখিলকৃত আবেদন গ্রহণ যোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত জলমহালের আবেদনপত্র ইজারা সম্পর্কিত সকল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হবে।

### ক্যালেন্ডার

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ২১ পৌষ, ১৪৩২ এর মধ্যে (৫ জানুয়ারির মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ২. | ১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (১ ফেব্রুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্ট কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৯ মাঘ থেকে ৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনে মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক, জয়পুরহাট কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৭ ফাল্গুন থেকে ২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ০১ বৈশাখ (১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

CamScanner

শর্তাবলী:

১। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, সদ্য ২ বছরের অডিট নিরিক্ষার কপি এবং ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র ও নিবন্ধন সনদ সহ ফরমে উল্লিখিত /অন্যান্য সকল তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে । কোন মৎস্যজীবী সমিতি কার্যকরী আছে কিনা তার জন্য নিবন্ধনকারী অধিদপ্তরের প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে । আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিল হবে । কোন অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না ।

০২। বিগত ০৩ ( তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে । উল্লেখ্য সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে ইজারা দেয়া হবে না ।

০৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধু নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে ।

০৪। সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সমিতি আবেদন জমা দেয়ার উপযুক্ত বলে বিবেচিত হবে না।

০৫। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না । আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কিনা এবং নিবন্ধনকৃত কিনা তা উপজেলা সমবায় অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে ।

০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।

০৭। ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৫ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে।

০৮। উপরে বর্ণিত যে কোন পর্যায়ে কোন জলমহালের অনুকূলে প্রাপ্ত কোন আবেদন পত্র সন্তোষ জনক বলে গৃহীত হলে পরবর্তী পর্যায়ে সে জলমহালের জন্য আর কোন আবেদন ফরম বিক্রি করা হবে না। নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরের দিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

০৯। সরকারি মূল্যের ২০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর জয়পুরহাট এর অনুকূলে সরকারি তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে অর্ডার আকারে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে । প্রত্যেক আবেদনকারী সমিতিকে আবেদনের সাথে আবেদনকারীর ০৩ ( তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে । জামানতের ২০% অর্থ শেষ বছরের মূল্যের সাথে সমন্বয় করা হবে ।

১০। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় ইজারা মূল্যসহ ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর পরিশোধ করতে হবে অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে ।

১১। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রত্যেককে নিজ দায়িত্বে ৩০০ ( তিন শত ) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে ১ লা বৈশাখে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে ।

১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে ।

১৩। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবেনা। অনুরুপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে, এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১৪। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জমহালের ইজারা গ্রহীতা সমিতির অনুকূলে আলাদাভাবে পত্রজারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা অফিসের নোটিশ বোর্ডে লটকানো হবে।

CamScanner

ইজারা প্রদানে বিলম্বের জন্য ইজারার অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না।

১৬। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট বরাবরে দাখিল করতে হবে । আবেদনপত্রের খামে জলমহালের নাম ও ক্রমিক সংখ্যা উল্লেখ করতে হবে ।

১৭। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন সমূহ এবং বিভিন্ন সময় জারীকৃত সরকারি প্রজ্ঞাপন অনুসরণ করা ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে ।

১৮। উর্ধতন সরকারি কর্মকর্তা, জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যেকোন সময় জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে ইজারা গ্রহিতা বাধ্য থাকবেন ।

১৯। বৎসরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে কার্যকর বলে গণ্য হবে ।

২০। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২১। ইজারা গ্রহীতা সমিতি/সংগঠন জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না এবং জলাশয়ের সীমানা অক্ষুন্ন রাখতে হবে ।

২২। জলমহালের পাড়সহ সীমানার ভিতরে কোন ধরণের অবকাঠামো নির্মাণ করা যাবে না ।

২৩। মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে বা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতির অনুকূলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না ।

২৪। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/মৎস্যজীবী সমিতি এবং বিজ্ঞপ্তি মোতাবেক সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনা অনুসরণে, কেবল সংশ্লিষ্ট জলমহালের চারিপাশে বসবাসরত (ক) বেকার যুবক, (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, (গ) যুব মহিলা, (ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা, (ঞ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য , (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি আবেদন করতে পারবেন ।

২৫। জলমহাল সরেজমিনে পরিদর্শন পূর্বক দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না ।

(ফারজানা জান্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
আক্কেলপুর, জয়পুরহাট।
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
আক্কেলপুর,জয়পুরহাট।

স্মারক নং-৩১.৪৩.৩৮১০.০০০.০৫.১০.২০২৬- ৩৬ তারিখঃ ০৮ জানুয়ারী, ২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

০২। জেলা প্রশাসক,জয়পুরহাট।
০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,আক্কেলপুর,জয়পুরহাট।

**অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলোঃ**

০১। উপজেলা নির্বাহী অফিসার,জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
০২। মেয়র,আক্কেলপুর পৌরসভা,আক্কেলপুর,জয়পুরহাট।
০৩। সহকারী কমিশনার (ভূমি) আক্কেলপুর,জয়পুরহাট।
০৪। উপজেলা ....................................................কর্মকর্তা,আক্কেলপুর, জয়পুরহাট ।
০৫। অফিসার-ইন-চার্জ,আক্কেলপুর থানা, আক্কেলপুর, জয়পুরহাট।
০৬। চেয়ারম্যান,রুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউ,পি,আক্কেলপুর, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,রুকিন্দীপুর/চক্রপাড়া/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী, আক্কেলপুর,জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৮। সভাপতি/সেক্রেটারী -----------------------------------মৎস্যজীবি সমবায় সমিতি, আক্কেলপুর, জয়পুরহাট।
০৯। জনাব/বেগম------------------------------------------- সদস্য,উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি,আক্কেলপুর, জয়পুরহাট।
১০। নোটিশ বোর্ড।
১১। অফিস নথি।

08.01.26
আবিদা খানম বৈশাখী
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আক্কেলপুর, জয়পুরহাট

CamScanner